

**ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য) –এর ধারা 35A-এর অধীনে বিশেষ
নিয়ন্ত্রণবিধি – গোমতী নাগরীয় সহকারী ব্যাংক লিমিটেড, জৌনপুর (উত্তর প্রদেশ)**

ভারতীয় রিজার্ভ ব্যাংক সন্তোষ প্রকাশ করছে যে জনস্বার্থে গোমতী নাগরীয় সহকারী ব্যাংক লিমিটেড, জৌনপুর (উত্তর প্রদেশ) –এর উদ্দেশ্যে কিছু নির্দিষ্ট নিয়ন্ত্রণবিধি জারি করা প্রয়োজনসেই অনুসারে ভারতীয় রিজার্ভ ব্যাংক ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এ এ সি এস)–এর ধারা 35A তৎসহ পঠিত ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, 1949 –এর ধারা 56-এর অধীনে ন্যস্ত ক্ষমতাবলে এই মর্মে নির্দেশ দিচ্ছে যে জুলাই 10, 2017 তারিখের কর্মদিবসের শেষ থেকে গোমতী নাগরীয় সহকারী ব্যাংক লিমিটেড, জৌনপুর (উত্তর প্রদেশ) নিম্নলিখিত কয়েকটি পরিমাণগত এবং পদ্ধতিগত ব্যতিক্রম ছাড়া ভারতীয় রিজার্ভ ব্যাংকের লিখিত পূর্বানুমতি ব্যতিরেকে কোন নতুন ঋণ বা অগ্রীম মঞ্জুর, পুরনো ঋণ বা অগ্রীমের পুনর্গঠন করতে, কোন বিনিয়োগ করতে, তহবিল ধার করতে এবং নতুন আমানত গ্রহণ করার দায় গ্রহণ করতে, দায় বা দায়িত্ব হিসাবে কোন মূল্য প্রদান করতে, বা প্রদান করতে সম্মত হতে, কোন বিক্রয় প্রক্রিয়ার ব্যবস্থাপনার চুক্তি করতে, নিজেদের কোন সম্পত্তি ও সম্পদ স্থানান্তর/ হস্তান্তর করতে পারবে না:

- i. কোন আমানতকারী তার সমস্ত সেভিংস অ্যাকাউন্ট বা কারেন্ট অ্যাকাউন্ট বা অন্য কোন অ্যাকাউন্ট বা অন্য কোন জমা অ্যাকাউন্ট তাকে যে নামেই নামকরণ করা হয়ে থাকুক না কেন সেই অ্যাকাউন্টের মোট জমা থেকে অনধিক ₹ 1000/- তুলতে পারবেন এই শর্তে যে যদি সেই আমানতকারীর ব্যাংকের কাছে ঋণ গ্রাহক বা গ্যারানটর হিসাবে কোন বকেয়া দায় থাকে তবে সমপরিমাণ টাকা কেটে নিয়ে সেই ঋণ অ্যাকাউন্টে জমা করা হবে।
- ii. বিদ্যমান কোন মেয়াদী জমার মেয়াদপূর্তির পর একই নাম এবং একই অধিকারের স্বপক্ষে পুনর্গঠন
- iii. সেই সমস্ত খরচ যা এই নির্দেশিকাতে অনুমোদন করা হয়েছে
- iv. সরকারী / SLR অনুমোদিত সিক্যুরিটিজে বিনিয়োগ করা যেতে পারে.

ব্যাংকটি রিজার্ভ ব্যাংকের লিখিত অনুমোদন ছাড়া অন্য কোন দায় গ্রহণ করা বা দায় মেটাতে পারবে না।

বিস্তারিত নিয়ন্ত্রণবিধি জনগণের জ্ঞাতার্থে ওই ব্যাংকটির ভবনে প্রদর্শিত আছে। রিজার্ভ ব্যাংক পরিস্থিতির গুরুত্ব অনুসারে এই নিয়ন্ত্রণবিধি পরিবর্তন করার কথা ভাবতে পারে। আর বি আই দ্বারা এই নির্দেশ জারি করার থেকে ব্যাংকটির ব্যাংকিং অনুজ্ঞাপত্র বাতিল হয়েছে স্বতঃই এই ধারণা পোষণ করা সমীচীন নয়। ব্যাংকটি বিধিনিষেধ মেনে তাদের ব্যাংকিং কার্যাবলী বজায় রাখতে পারবে।

এই নিয়ন্ত্রণবিধি কার্যকরী থাকবে জুলাই 10, 2017 তারিখের কর্মদিবসের সমাপ্তি থেকে ছয় মাস কাল সময় অবধি এবং সময়ে সময়ে পর্যালোচনা করা হবে।

শৈলজা সিং